

টিপাইমুখ বাঁধ নির্মাণ পরিকল্পনার প্রতিবাদে অস্ট্রেলিয়া যুবদলের সমাবেশ

মোরশেদ, সিডনি থেকে: টিপাইমুখ বাঁধ নির্মাণ পরিকল্পনার ও এশিয়ান হাইওয়ের নামে ভারতকে করিডর দেয়ার সরকারি চেষ্টার প্রতিবাদে অস্ট্রেলিয়া যুবদলের উদ্যোগে ৫ ই জুলাই রোজ রবিবার সিডনির লেকেম্বাস্থ রসনা বিলাস রেস্টুরেন্টে এক প্রতিবাদ সমাবেশ সভার আয়োজন করা হয়।

অস্ট্রেলিয়া যুবদলের আহ্বায়ক হাফিজুল ইসলাম তারেকের সভাপতিত্বে যুগ্ম আহ্বায়ক রাশেদুল হকের পরিচালনায় প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়া বিএনপির আহ্বায়ক দেলোয়ার হোসেন, বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়ার সভাপতি মিসেস সাইয়েদা খানম আঙ্গুর, জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়ার সভাপতি মোসলেহউদ্দিন আরিফ, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সভাপতি কুদরতউলমিয়াহ লিটন, যুবদলের যুগ্ম আহ্বায়ক এস এম রানা, যুবদলের নেতা আশরাফুল আলম রনি, জাসাস অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক আবুল বাশার মিলন, জিয়া পরিষদ অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোবারক হোসেন ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সুমন, সিনিয়ার সহ-সভাপতি এএনএম মাসুম, সহ-সভাপতি ওমর ফারুক, ফারুক হোসেন, যুগ্ম সম্পাদক সালাউদ্দিন মানিক, নিউ সাউথ ওয়েলস ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন, সাধারণ সম্পাদক মোস্তফা মোরশেদ নিখুন, কাজী হাসান, জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, সজিব আহমেদ, সর্দার মো: খালেদ প্রমুখ।

বাংলাদেশ থেকে টেলিফোনের মাধ্যমে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি বরকতউল্লাহ রুলু ভারতীয় কর্তৃপক্ষ কর্তৃক সকল আন্তর্জাতিক নিয়ম ভঙ্গ করে 'টিপাই নদী' মুখে বাধ নির্মাণ প্রকল্পের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

সভাপতির বক্তব্যে হাফিজুল ইসলাম তারেক বলেন, '৭৪ সালে ফারাক্কা বাঁধ দিয়ে দেশের উত্তর-পশ্চিম এলাকা মরুভূমিতে পরিণত করেছে ভারত, আবারো ২০০৯ সালে টিপাইমুখ বাঁধ নির্মাণ করে ভারত সিলেট, চট্টগ্রাম ও ঢাকা বিভাগসহ দেশের তিন ভাগের এক ভাগ এলাকা মরুভূমি বানাতে চায়। কিন্তু এদের উদ্যোগকে প্রতিহত করার জন্য অস্ট্রেলিয়া সহ সকল দেশে গণআন্দোলন শুরু করতে হবে।

